



জাতীয় বিশ্ববিদ্যালয়

Honours Professional Admission 2022-2023

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৩/২৮৫১

তারিখ: ০৫/১১/২০২৩

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তির জন্য যে সকল ইচ্ছুক আবেদনকারী প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা প্রাথমিক আবেদন করেও কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়নি তাদের জন্য এই ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন ০৮ নভেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৩ নভেম্বর ২০২৩ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আত্মহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা আবেদনকৃত কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি ১৪ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে অবশ্যই উক্ত কলেজে জমা দিতে হবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রয়োজন নেই। ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয় হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ প্লিপে তিনটি কলেজে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৩/২৭৮৪, তারিখ: ০৯/০৭/২০২৩ এ প্রকাশিত ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus (Professional)/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	২য় পর্যায়ে অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:	০৮/১১/২০২৩ থেকে ১৩/১১/২০২৩
২)	আবেদনকারীদের ২য় পর্যায়ের প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ:	০৯/১১/২০২৩ থেকে ১৪/১১/২০২৩
৩)	কলেজ কর্তৃক অনলাইনে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ:	০৯/১১/২০২৩ থেকে ১৫/১১/২০২৩
৪)	কলেজ কর্তৃক ২য় পর্যায়ে নিশ্চয়নকৃত আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ প্রার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	১৬/১১/২০২৩ থেকে ২১/১১/২০২৩

০৫.১১.২০২৩

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮

তারিখ: ০৫/১১/২০২৩

স্মারক নং- ১০(২২৬)জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০১৮/২০২৩/২৮৫১

অনুলিপি :

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি

০৫.১১.২০২৩

(মো: কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার (সম্মান)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ইমেইল- drughonours@gmail.com